গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
বিদ্যুৎ বিভাগ
প্রশাসন-১ অধিশাখা।
www.powerdivision.gov.bd

স্মারক নং- ২৭.০৪১.০৩১.০০.০০.০১১.২০০৯ (অংশ)-৮৭

তারিখঃ ০৫/০২/১৪২৩ বঙ্গাব্দ
১৯/০৫/২০১৬ খ্রিষ্টাব্দ

**বিষয়ঃ ইনোভেশন কমিটির সভার কার্যবিবরণী প্রেরণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গত ১১/০৫/২০১৬ তারিখে অনুষ্ঠিত বিদ্যুৎ বিভাগের ইনোভেশন কমিটির সভার কার্যবিবরণী সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।

১৯/৫/২০১৬
(তাহমিনা ইয়াসমিন)
উপ সচিব
ফোনঃ ৯৫১৩৩৬৪
dsadmin@pd.gov.bd

কার্যার্থে বিতরণঃ
(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। চেয়ারম্যান, টেকসই ও নবায়নযোগ্য জ্বালানি উন্নয়ন কর্তৃপক্ষ (স্রেডা), বিদ্যুৎ বিভাগ
২। বৈদ্যুতিক উপদেষ্টা ও প্রধান বিদ্যুৎ পরিদর্শক, ঢাকা।
৩। অতিরিক্ত সচিব (সমন্বয়), বিদ্যুৎ বিভাগ।
৪। চেয়ারম্যান, বিউবো/পবিবো, ঢাকা।
৫। মহাপরিচালক, পাওয়ারসেল, ঢাকা।
৬। ব্যবস্থাপনা পরিচালক, ডিপিডিসি/ডেসকো/পিজিসিবি/ইজিসিবি/আরপিসিএল/ওজোপাডিকো/এপিএসসিএল/নওপাজেকো/ কোল পাওয়ার কোম্পানি, ঢাকা/খুলনা/বি-বাড়িয়া/রাজশাহী।
৭। সিনিয়র সহকারী প্রধান, পরিকল্পনা-৩, বিদ্যুৎ বিভাগ।
৮। প্রোগ্রামার, বিদ্যুৎ বিভাগ।

অনুলিপিঃ
১। সচিব মহোদয়ের একান্ত সচিব, বিদ্যুৎ বিভাগ।
২। অতিরিক্ত সচিব (পরিকল্পনা ও নবায়নযোগ্য জ্বালানি) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বিদ্যুৎ বিভাগ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
বিদ্যুৎ বিভাগ
(তথ্য ও প্রযুক্তি শাখা)
(www.powerdivision.gov.bd)

বিষয়ঃ বিদ্যুৎ বিভাগের ইনোভেশন টিমের সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মোঃ মাহবুব-উল-আলম<br>অতিরিক্ত সচিব (প্রশাসন) ও চিফ ইনোভেশন অফিসার |
| সভার তারিখ | : | ১১-০৫-২০১৬ খ্রিঃ। |
| সভার সময় | : | বেলা ১১.০০ ঘটিকা |
| সভার স্থান | : | বিদ্যুৎ বিভাগের সম্মেলন কক্ষ, ভবন নং-০৬, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। |
| সভায় উপস্থিতি | : | পরিশিষ্ট-'ক'। |

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর, ২৩-০২-২০১৬ তারিখে অনুষ্ঠিত ইনোভেশন টিমের সভার কার্যবিবরণী পাঠ করা হয় এবং কোন সংশোধনী না থাকায় তা দৃঢ়ীকরণ করা হয়।

০২। সভায় প্রতিটি বিতরণ দপ্তর/সংস্থা/কোম্পানি তাদের প্রধান কার্যালয়ে গ্রাহক অভিযোগ কেন্দ্র স্থাপন এবং বিদ্যুৎ বিভাগ হতে সরবরাহকৃত কন্ট্রোল রুম পরিচালনার নীতিমালার আলোকে কেন্দ্রীয় কন্ট্রোল রুম খোলার বিষয়ে আলোচনা হয়। সভায় উপস্থিত প্রতিনিধিগণ জানান যে, তাদের প্রধান কার্যালয়ে কন্ট্রোল রুম স্থাপন করা হয়েছে এবং তা যথাযথভাবে কাজ করছে। দপ্তর/সংস্থা/কোম্পানির স্থাপনকৃত কন্ট্রোল রুমে মাসে কতটি অভিযোগ এসেছে এবং কতটি নিস্পত্তি হয়েছে তার তালিকা প্রতি মাসে বিদ্যুৎ বিভাগে প্রেরণের জন্য সভায় নির্দেশনা দেয়া হয়। সভায় ডিপিডিসি ও ডেসকোর প্রতিনিধিগণ তাদের যৌথ উদ্যোগে একটি কেন্দ্রীয় কল সেন্টার (Software Based Customer Complain System) আগামী ০৬ (ছয়) মাসের মধ্যে সম্পন্ন হবে মর্মে সকলকে অবগত করেন। উক্ত কল সেন্টার চালু হলে গ্রাহক অভিযোগ গ্রহণ ও নিস্পত্তিকরণ কার্যক্রম আরো সহজ হবে মর্মে সভাকে অবহিত করেন।

০৩। বিদ্যুৎ বিভাগের আওতাধীন সকল দপ্তর/সংস্থা/কোম্পানির গঠিত ইনোভেশন টিমের সভা নিয়মিত আহবান করার বিষয়ে আলোচনা হয়। সভায় সহকারী প্রোগ্রামার জানান যে, মার্চ, ২০১৬ মাসে ৭টি সংস্থা/কোম্পানি তাদের ইনোভেশন কমিটির সভা করেছেন এবং এর কার্যবিবরণী ই-মেইলে এ বিভাগে প্রেরণ করেছেন। সকল সংস্থা/কোম্পানির ইনোভেশন টিমের সভার কার্যবিবরণী যথাসময়ে বিদ্যুৎ বিভাগের সংশ্লিষ্ট ই-মেইল ঠিকানায় প্রেরণ নিশ্চিত করতে হবে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।

০৪। প্রতিটি দপ্তর/সংস্থা/কোম্পানির কর্মকর্তাদের প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণের জন্য আলোচনা হয়। ICT এর বিভিন্ন আইটেম (Hardware, Software, Networking ইত্যাদি) ভিত্তিক প্রশিক্ষণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক আগামী ০৭ (সাত) দিনের মধ্যে প্রোগ্রামার সভাপতির নিকট উপস্থাপন করবে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।

০৫। বিদ্যুৎ বিভাগের আওতাধীন সকল দপ্তর/সংস্থা/কোম্পানির জনবলের জন্য Unified PMIS সফটওয়্যারে ডাটা এন্ট্রির বিষয়ে আলোচনা হয়। সভায় Unified PMIS সফটওয়্যারে ডাটা এন্ট্রির হালনাগাদ তথ্য উপস্থাপন করা হয়। বিপিডিবি, ইজিসিবি ও পিজিসিবি আগামী ১৫ দিনের মধ্যে তথ্য এন্ট্রির কাজ শেষ করবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। এছাড়াও পরবর্তী সভায় এ সম্পর্কিত সকল তথ্য উপস্থাপন করার জন্য প্রতিটি দপ্তর/সংস্থা/কোম্পানির এইচআর বিভাগের একজন কর্মকর্তা উপস্থিত থাকবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

০৬। সভায় বিদ্যুৎ বিভাগের আওতাধীন সকল দপ্তর/সংস্থা/কোম্পানির ইনোভেশন টিমকে নতুন নতুন উদ্ভাবনী ধারণা সৃষ্টির জন্য তাগিদ দেয়া হয়। আগামী ২২ মে, ২০১৬ খ্রিঃ তারিখ স্রেডার দুই বছর পূর্তি উপলক্ষে বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের জন্য উদ্ভাবনী ধারণা সংগ্রহের লক্ষ্যে একটি প্রতিযোগিতার আয়োজন করে। উক্ত আয়োজন থেকে প্রাপ্ত উদ্ভাবনী ধারণার কিছু ভিডিও চিত্র সভায় উপস্থাপন করা হয়। পাওয়ার সেল প্রতিনিধি জানান, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের সমন্বিত ওয়েবসাইটে উদ্ভাবনী ধারণা গ্রহণের লিংক রয়েছে।

০৭। Online Application for New Connection বিষয়ে আলোচনা হয়। সভায় জানানো হয় যে, সকল বিদ্যুৎ বিতরণ দপ্তর/সংস্থা/কোম্পানি অনলাইন সফটওয়্যারের মাধ্যমে নতুন বিদ্যুৎ সংযোগের আবেদন গ্রহণ করছে। পবিবো প্রতিনিধি সভায় জানান যে, অনলাইন সফটওয়্যারের মাধ্যমে নতুন বিদ্যুৎ সংযোগের আবেদন গ্রহণ করা হচ্ছে কিন্তু নিস্পত্তি করা যাচ্ছে না। এক্ষেত্রে সভাপতি ডেসকো এর সহায়তা নেয়ার জন্য পবিবোর প্রতিনিধিকে পরামর্শ দেন। নতুন সংযোগের ক্ষেত্রে গ্রাহকগণ অনলাইন/এসএমএস এর মাধ্যমে যাতে সহজেই তার আবেদনের বর্তমান অবস্থা জানতে পারে তার যথাযথ ব্যবস্থা গ্রহণের বিষয়ে তাগিদ দেয়া হয়।

০৮। e-GP Portal এর মাধ্যমে Tender Process করার বিষয়ে আলোচনা হয়। সভায় জানানো হয় যে বর্তমানে সকল দপ্তর/সংস্থা/কোম্পানি e-GP Portal এর মাধ্যমে ক্রয় প্রক্রিয়া সম্পন্ন করছে। e-GP Portal এ রেজিষ্ট্রেশন সম্পন্ন হয়েছে মর্মে পাওয়ার সেল এবং স্রেডা সভাকে অবহিত করেন।

০৯। বিদ্যুৎ বিভাগের KPI স্থাপনাসমূহে পর্যাপ্ত নিরাপত্তার স্বার্থে Closed Circuit Camera এবং IP Surveillance System বসানো এবং কার্যকর করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। সকল KPI-এর Closed Circuit Camera ও IP Surveillance System এর তথ্য/চিত্র সঠিকভাবে সংরক্ষণ/রেকর্ডিং হচ্ছে কি না তা নিশ্চিত করতে সকলকে পরামর্শ দেয়া হয়। PGCB এর প্রতিনিধি জানান যে, HVDC স্থাপনার নিরাপত্তার বিষয়ে সেনাবাহিনীর জন্য ব্যারাক নির্মাণ কাজ, e-GP Portal এ e-Tender আহবান করা হয়েছে। সকল দপ্তর/সংস্থা/কোম্পানি প্রতি মাসে KPI স্থাপনাসমূহে নিরাপত্তার সম্পর্কিত হালনাগাদ তথ্য প্রোগ্রামার, বিদ্যুৎ বিভাগকে ই-মেইলে প্রেরণ করবে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।

১০। প্রতিদিনের রিয়েল টাইম বিদ্যুৎ উৎপাদনের তথ্য বিদ্যুৎ বিভাগ ও পিডিবির ওয়েব পোর্টালে প্রদর্শনের বিষয়ে আলোচনা হয়। বিদ্যুৎ বিভাগের ওয়েব পোর্টালে রিয়েল টাইম বিদ্যুৎ উৎপাদনের তথ্য প্রদর্শন বিষয়ে এটুআই এর সহায়তায় সম্পন্ন করা হয়েছে মর্মে সহকারী প্রোগ্রামার সভাকে অবহিত করেন।

১১। বিদ্যুৎ বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা/কোম্পানি তাদের ওয়েবসাইট ইংরেজি সংস্করণের পাশাপাশি বাংলা সংস্করণ করার বিষয়ে আলোচনা হয়। সকল দপ্তর/সংস্থা/কোম্পানির প্রতিনিধিগণ তাদের অগ্রগতি সভাকে অবহিত করেন। আগামী ১৫ জুন, ২০১৬ খ্রিঃ তারিখের মধ্যে সকল দপ্তর/সংস্থা/কোম্পানি তাদের ওয়েবসাইট বাংলা ভার্সনে রূপান্তরের কাজ সম্পন্ন করবে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।

১২। সভায় বিদ্যুৎ বিভাগের আইসিটি খাতে সামগ্রিক উন্নয়নের নিমিত্ত একটি পুস্তিকা বের করার বিষয়ে আলোচনা হয়। এ বিষয়ে বিদ্যুৎ বিভাগের উপসচিব (বাজেট) কে আহবায়ক করে সি.স.সচিব (সমন্বয়-২), প্রোগ্রামার ও ডিডি (এমআইএস/আইসিটি) পাওয়ারসেল এর সমন্বয়ে একটি কমিটি গঠন করা হয়েছে মর্মে সভাকে জানানো হয়। সকল দপ্তর/সংস্থা/কোম্পানি তাদের আইসিটি খাতে সামগ্রিক উন্নয়নের নিমিত্ত চিত্রভিত্তিক একটি করে রাইটআপ প্রস্তুত করে প্রোগ্রামার, বিদ্যুৎ বিভাগকে ই-মেইলে প্রেরণ করবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

১৩। প্রতিটি দপ্তর/সংস্থা/কোম্পানি তাদের সেবা সহজিকরণ ও তা ই-সেবায় রূপান্তর করে জনগণের দোরগোড়ায় পৌছানো নিশ্চিতকরণের বিষয়ে আলোচনা হয়। কমপক্ষে একটি সেবা সহজিকরণ করে জনগণের নিকট দ্রুত বা সহজে পৌছানোর বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।

১৪। সভার বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

(ক) (১) প্রতিটি বিতরণ দপ্তর/সংস্থা/কোম্পানি তাদের কন্ট্রোল রুমের যোগাযোগের তথ্যাদি স্থানীয় ক্যাবল চ্যানেলের স্ক্রলে প্রদর্শনের ব্যবস্থা করবে।

(২) যে সকল বিতরণ সংস্থা/কোম্পানি তাদের স্থাপনকৃত কন্ট্রোল রুমের জনবলের তথ্য প্রেরণ করেনি আগামী ৭ দিনের মধ্যে বিদ্যুৎ বিভাগে প্রোগ্রামারের ই-মেইলে প্রেরণ করবে।

(৩) কন্ট্রোল রুমে মাসে কতটি অভিযোগ গ্রহণ করা হচ্ছে ও কতটি অভিযোগ নিষ্পত্তি করা হচ্ছে তার তথ্যাদি প্রতিমাসে বিদ্যুৎ বিভাগে প্রোগ্রামারের ই-মেইলে প্রেরণ করতে হবে।

বাস্তবায়নঃ- সকল বিতরণ সংস্থা/কোম্পানি।

(খ) বিদ্যুৎ বিভাগের আওতাধীন সকল দপ্তর/সংস্থা/কোম্পানির গঠিত ইনোভেশন টিমের সভা প্রতিমাসে আহবান করতে হবে। ইনোভেশন টিমের সভার কার্যবিবরণী ২৪ ঘন্টার মধ্যে এ বিভাগের প্রোগ্রামারের ই- মেইলে প্রেরণ নিশ্চিত করতে হবে।

বাস্তবায়নঃ- প্রতিটি দপ্তর/সংস্থা/কোম্পানির ইনোভেশন টিম প্রধান।

(গ) দপ্তর/সংস্থা/কোম্পানির কর্মকর্তাদের জন্য ICT এর বিভিন্ন আইটেম (Hardware, Software, Networking ইত্যাদি) ভিত্তিক প্রশিক্ষণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে আগামী ০৭ (সাত) দিনের মধ্যে প্রোগ্রামার সভাপতির নিকট উপস্থাপন করবেন।

বাস্তবায়নঃ- প্রোগ্রামার বিদ্যুৎ বিভাগ।

(ঘ) বিদ্যুৎ বিভাগের আওতাধীন সকল দপ্তর/সংস্থা/কোম্পানির সকল জনবলের তথ্যাদি আগামী ১৫ দিনের মধ্যে Unified PMIS এ এন্ট্রি শেষ করতে হবে।

বাস্তবায়নঃ- সকল দপ্তর/সংস্থা/কোম্পানির এইচআর বিভাগ।

(ঙ) বিদ্যুৎ বিভাগের জন্য উদ্ভাবনী ধারণা পাবার লক্ষ্যে পাওয়ারসেল একটি প্রতিযোগিতার আয়োজন করবে। সবচেয়ে ভাল ধারণাদাতাকে পুরস্কার প্রদানের উদ্যোগ গ্রহণ করতে হবে।

বাস্তবায়নঃ পাওয়ার সেল।

(চ) সকল বিদ্যুৎ বিতরণ দপ্তর/সংস্থা/কোম্পানিকে অনলাইনে নতুন বিদ্যুৎ সংযোগের আবেদন গ্রহণ এবং নিষ্পত্তি করার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। ডেসকো'র ব্যবহৃত সফটওয়্যার পবিবো ব্যবহার করতে পারে। পবিবো গৃহীত পদক্ষেপ সম্পর্কে তথ্য বিদ্যুৎ বিভাগে প্রেরণ করবে। নতুন সংযোগ প্রদানের ক্ষেত্রে গ্রাহককে সম্ভাব্য তারিখ জানাতে হবে।

বাস্তবায়নঃ- সকল বিদ্যুৎ বিতরণ সংস্থা/কোম্পানি।

(ছ) সকল দপ্তর/সংস্থা/কোম্পানি যাতে e-GP Portal এর মাধ্যমে Tender Process করতে পারে তার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

বাস্তবায়নঃ- সকল বিদ্যুৎ বিতরণ সংস্থা/কোম্পানি।

(জ) (১) KPI স্থাপনাসমূহের পর্যাপ্ত নিরাপত্তা ব্যবস্থা জোরদারকরণের লক্ষ্যে Closed Circuit Camera এবং IP Surveillance System স্থাপন বা কার্যকর রাখতে হবে। সকল KPI-এর Closed Circuit Camera ও IP Surveillance System এর তথ্য/চিত্র যথাযথভাবে সংরক্ষণ/রেকর্ডিং হচ্ছে কি না তা নিশ্চিত করতে হবে এবং প্রতি মাসে KPI স্থাপনাসমূহে নিরাপত্তার সম্পর্কিত হালনাগাদ তথ্য প্রোগ্রামার, বিদ্যুৎ বিভাগকে ই-মেইলে প্রেরণ করতে হবে।

(২) PGCB এর অধীন HVDC KPI এ পর্যাপ্ত নিরাপত্তার লক্ষ্যে সেনাবাহিনীর জন্য ব্যারাক নির্মাণের কাজ দ্রুত শেষ করতে হবে এবং কাজের অগ্রগতি প্রতিবেদন বিদ্যুৎ বিভাগে প্রেরণ করতে হবে।

বাস্তবায়নঃ-সকল দপ্তর/সংস্থা/কোম্পানি।

(ঝ) সকল দপ্তর/সংস্থা/কোম্পানি তাদের ওয়েবসাইট ইংরেজি সংস্করণের পাশাপাশি বাংলা সংস্করণ আগামী ১৫ জুন, ২০১৬ খ্রিঃ তারিখের মধ্যে সম্পন্ন করবে।

বাস্তবায়নঃ-সকল দপ্তর/সংস্থা/কোম্পানি।

(ঞ) বিদ্যুৎ খাতে আইসিটির অর্জন বিষয়ে পুস্তিকা প্রস্তুতের লক্ষ্যে সকল দপ্তর/সংস্থা/কোম্পানির আইসিটি খাতে কি কি অর্জন রয়েছে তার একটি চিত্রভিত্তিক বিস্তারিত রাইটআপ আগামী ১০ দিনের মধ্যে প্রোগ্রামারের মেইলে প্রেরণ করবেন।

বাস্তবায়নঃ- সকল দপ্তর/সংস্থা/কোম্পানি।

(ট) প্রতিটি দপ্তর/সংস্থা/কোম্পানি কমপক্ষে তাদের একটি সেবা সহজিকরণ করবে এবং তা ই-সেবায় রুপান্তর করে জনগণের নিকট সার্ভিস প্রদান করবে।

বাস্তবায়নঃ- সকল দপ্তর/সংস্থা/কোম্পানি।

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

মোঃ মাহবুব-উল-আলম
অতিরিক্ত সচিব
বিদ্যুৎ বিভাগ

অদ্য ১১ মে, ২০১৬ খ্রিঃ বিদ্যুৎ বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা/কোম্পানির সমন্বয়ে ইনোভেশন টিমের সভায় অংশগ্রহণকারী কর্মকর্তাগণের নাম ও স্বাক্ষরঃ

| ক্রমিক নং | নাম, পদবী ও ঠিকানা | ই-মেইল ও মোবাইল | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | | | |
| ০২ | | | |
| ০৩ | মোঃ রবিউল হাসান<br>জেনারেল ম্যানেজার (আইসিটি), ডিপিডিসি | rabiul87@yahoo.com<br>01730335033 | MRHasan |
| ০৪ | মোঃ সেলিম ভূইয়া<br>প্রধান প্রকৌশলী (পিএন্ডডি)<br>RPCL | 01748397594<br>engr_salim@yahoo.com | ১১/৫/১৬ |
| ০৫ | রতন কুমার পাল<br>সিনিয়র সিস্টেম এনালিস্ট<br>বিদ্যুৎ উন্নয়ন বোর্ড। | 01730001212<br>ssa@bpdb.gov.bd | ১১/৫/১৬ |
| ০৬ | মোহাম্মদ আজম খান<br>উপ-বিভাগীয় প্রকৌশলী | ০১৭৬০৬৬৫৩৩৬<br>azam@dpdc.org.bd | ১১/৫/১৬ |
| ০৭ | শাহীদ আহমেদ মাহমুদ<br>উপ-বিভাগীয় প্রকৌশলী | ০১৬৭৮-৬৪৪৬৫৭<br>shahed@egcb.com.bd | ১১/০৫/১৬ |
| ০৮ | কিশোর কুমার বসু<br>সহকারী প্রোগ্রামার, বিআরইবি | 01743904210<br>basuduet@gmail.com | 11-05-16 |
| ০৯ | মোহাম্মদ শহিদ উল্লাহ<br>নি: প্রকৌ: (ঐ), এপিএসসিএল | 01730798097<br>shahid_apscl@yahoo.c | 11/5/16 |
| ১০ | প্রকৌঃ মোঃ আতোয়ার রহমান মোল্লা<br>সচিব, বিদ্যুৎ লাইসেন্সিং বোর্ড,<br>বি: উ: ও প্র: খ: প: এর দপ্তর | ০১৭২৩৬১৭১৫১<br>atowar.rahman2012@yahoo.com | ১১/৫/১৬ |
| ১১ | মামুনুর রশিদ<br>নির্বাহী প্রকৌশলী,<br>পাওয়ার গ্রীড কোম্পানী | 01730029366<br>xen-ict@pgcb.org.bd | 11.5.16 |
| ১২ | মোঃ মোশাররফ হোসেন<br>উপ-ব্যবস্থাপক (ডাটাবেজ এডমিন) | 01711210008<br>hossain55@gmail.com | 11.05.16 |
| ১৩ | প্রকৌঃ সাজ্জাদ নাজমুল আলম, উপ-বিভাগীয় প্রকৌশলী, আই.সি.টি, ডেসকো | 01755637503<br>nazmul@desco.org.bd | 11/05/16 |

| ক্রমিক নং | নাম, পদবী ও ঠিকানা | ই-মেইল ও মোবাইল | স্বাক্ষর |
| --- | --- | --- | --- |
| ১৪ | প্রকৌঃ আমীম আহমদ চৌধুরী<br>[illegible]<br>[illegible] | Naamim@desco.org.bd<br>01711438709 | [signature] |
| ১৫ | কুমার চন্দ্র মন্ডল<br>প্রকল্প পরিচালক<br>বাপাবিবোর্ড | pdcsdp2@gmail.com<br>01711 481811 | [signature]<br>১১/০৫/১৬ |
| ১৬ | মো: নাফিজুর রহমান<br>উপ-পরিচালক, স্রেডা | nafizhbri@gmail.com<br>dd.eaa@sreda.gov.bd<br>01712090374 | [signature]<br>11/05/16 |
| ১৭ | সাদেক মোহাম্মদ [illegible]<br>ম্যানেজার (আইসিটি/[illegible]) | managerict@nwpgcl.org.bd<br>01755630004 | [signature]<br>11.05.16 |
| ১৮ | মো: সাজিবুল হক<br>উপ-পরিচালক<br>পাওয়ার সেল | shazib@powercell.gov.bd<br>01552480523 | [signature]<br>11/05/16 |
| ১৯ | মুহাম্মদ [illegible]<br>[illegible] ([illegible])<br>[illegible] | misict@apscl.com<br>01715063403 | [signature]<br>11/05/16 |
| ২০ | মো: [illegible]<br>সহ: সচিব (আইসিটি)<br>বিদ্যুৎ বিভাগ | 01711736981 | [signature]<br>11/05/16 |
| ২১ | হোসেন মমতাজ<br>সহকারী প্রোগ্রামার | ap@pd.gov.bd<br>~~07~~ 01556312742 | [signature] |
| ২২ | | | |
| ২১ | | | |
| ২২ | | | |
| ২৩ | | | |
| ২৪ | | | |